

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়
ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্ট (ডিএফডি)
১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৪র্থ তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cgdf.gov.bd

নং-২৩.০৭.০০০০.০০৯.৭৬.০০১.২৩.-

তারিখঃ ০২ ফাল্গুন, ১৪৩০ ব.
১৫ ফেব্রুয়ারী ২০২৪ খ্রি.

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট/প্রতিনিধিদের অংশগ্রহণে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ নিশ্চিতকরণ [১.১] ও [১.২] বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব নাসিমুল ইসলাম, জেসিজিডিএফ
তারিখ ও সময় : ১৩ ফেব্রুয়ারী ২০২৪ খ্রি.; সকাল ১০:০০ টা
স্থান : সভাকক্ষ, সিজিডিএফ কার্যালয়
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক
আলোচ্যসূচি : সেবা প্রদান প্রতিশ্রুতি নির্দেশিকা ২০২৩-২৪ সংক্রান্ত

২। সভাপতি কর্তৃক সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি জানান যে, বর্তমান সরকারের বিভিন্ন উদ্যোগের মধ্যে অন্যতম হলো নাগরিকগণের অধিকার বিষয়ক কর্মকান্ড। এরই অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতির মাধ্যমে নাগরিকগণ সরকারি দপ্তর কর্তৃক প্রদত্ত সেবাসমূহের তথ্য ও সেবা প্রদান প্রক্রিয়া সম্পর্কে সুস্পষ্টভাবে জানতে পারে। সেবাগ্রহীতাগণের সুবিধার্থে ডিফেন্স ফাইন্যান্স ডিপার্টমেন্টের সিটিজেনস চার্টার-এর হালনাগাদ তথ্য সম্পর্কে ফোকাল পয়েন্টগন/প্রতিনিধিদেরকে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩। সভাপতির অনুমতিক্রমে অধীনস্থ অফিসের প্রতিনিধিগণ তাঁদের মতামত/অগ্রগতি তুলে ধরেন। এ প্রসঙ্গে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত 'মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা' অনুসরণ করে বিদ্যমান সিটিজেন চার্টার নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। সিটিজেনস চার্টারের নির্ধারিত ছকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, টেলিফোন ও ই-মেইল নম্বর যথাযথভাবে হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়।

৪। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- ৪.১ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত 'মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২৪' অনুসরণ করতে হবে;
- ৪.২ সেবা প্রদানকারী কর্মকর্তার বদলিজনিত কারণে অথবা সেবা সংক্রান্ত বিষয়ে কোন পরিবর্তন হয়ে থাকলে তা সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এ তা হালনাগাদ করতে হবে;
- ৪.৩ সিটিজেনস চার্টার সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন (প্রমাণকসহ) প্রতি তিন মাস সমাপ্তির ১ম সপ্তাহে মধ্যে সিজিডিএফ কার্যালয়ে প্রেরণ করতে হবে; এবং
- ৪.৪ সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত প্রতিবেদন, সভার কার্যবিবরণী ওয়েবসাইটে নিয়মিতভাবে আপলোড ও হালনাগাদ করতে হবে।

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো. নাজমুল হাসান)

ডেপুটি কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (প্রশাসন)

ফোনঃ ৪১০৩১৯৪৫

E-mail: dcgdf1@cgdf.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি), ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ২। সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (এয়ার ফোর্স/পূর্ত/নেভী/ডিপি), ঢাকা।
- ৩। এডিশনাল চিফ কন্ট্রোলার অব ডিফেন্স ফাইন্যান্স (বিওএফ), গাজীপুর সেনানিবাস, গাজীপুর।
- ৪। এডিশনাল চিফ কন্ট্রোলার অব ডিফেন্স ফাইন্যান্স (সিভিল)ঃ ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৫। ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি) পে-১/পে-২/লগ এরিয়া, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৬। এরিয়া ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি), চট্টগ্রাম/যশোর/কুমিল্লা/সভার/বগুড়া/রংপুর/ঘাটাইল সেনানিবাস।
- ৭। এরিয়া ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি) এর কার্যালয়, বাড়ি নং-২, রোড নং-৭, খাদিমপাড়া, সিলেট।
- ৮। চিফ কন্ট্রোলার অব ডিফেন্স ফাইন্যান্স (পেনশন এন্ড ফান্ড), মহাখালী, ঢাকা।
- ৯। এরিয়া ফাইন্যান্স কন্ট্রোলার (নেভী), নিউমুরিং, চট্টগ্রাম/খালিশপুর, খুলনা।
- ১০। সিনিয়র এফপিও, ইবিআরসি, চট্টগ্রাম/বিআইআরসি, রাজশাহী।
- ১১। এফপিও আর্টিলারী, হালিশহর, চট্টগ্রাম/ইসিএসএমই, কাদিরাবাদ/ইএমই, সৈয়দপুর/এসি, বগুড়া/এএসসি, জাহানাবাদ/সিগন্যাল, যশোর/অর্ডন্যান্স, রাজেন্দ্রপুর/এএমসি, ঘাটাইল, টাঙ্গাইল/সিএমপি, সভার/এসিসি ও এইসি, ঢাকা।